



# BANGLADESH-CHINA POWER COMPANY (PVT.) LIMITED

(A Joint Venture of CMC and NWPGL)

Unique Trade Centre (Level-4&5), 8 Panthapath, Kawranbazar, Dhaka-1215, Bangladesh  
Phone No. 9143908, 9140757, Web: [www.bcpcl.org.bd](http://www.bcpcl.org.bd), E-mail: [info@bcpcl.gov.bd](mailto:info@bcpcl.gov.bd)

সূত্র নং-০১২/বিসিপিএল/মানবসম্পদ/নিয়োগ (পার্ট-২)/২০২১

তারিখঃ ০৬ জানুয়ারি ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ-চায়না পাওয়ার কোম্পানি (প্রাঃ) লিমিটেড (নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এবং সিএমসি, চায়না এর যৌথ উদ্যোগের প্রতিষ্ঠান) এ কোম্পানির প্রচলিত বেতন-ভাতা মোতাবেক নিম্নবর্ণিত পদসমূহে চুক্তি-ভিত্তিক নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম	মূল বেতন	শূন্য পদ	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বয়স
০১	কমান্ডার (ফায়ার স্টেশন)	টাকা ৪২,০০০/- (বিয়াল্লিশ হাজার টাকা) বেতন গ্রেড-০৮	০১	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট হতে ন্যূনতম স্নাতক পাশ। খ) বাংলাদেশ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স হতে উপ-সহকারী পরিচালক বা তদুর্ধ্ব পদ হতে অবসর গ্রহণকারী।	বয়সসীমা ০৬/০১/২০২২ তারিখে সর্বোচ্চ ৫৫ (পঞ্চাশ) বছর।
০২	সিকিউরিটি সুপারভাইজার	টাকা ২৩,০০০/- (তেইশ হাজার টাকা) বেতন গ্রেড-১২	০৪	ক) কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে এস.এস.সি/সমমান পাশ। খ) প্রতিরক্ষা বাহিনীর চাকুরী থেকে অবসর গ্রহণকারী, ন্যূনতম ওয়ারেন্ট অফিসার পদমর্যাদা সম্পন্ন।	বয়সসীমা ০৬/০১/২০২২ তারিখে সর্বোচ্চ ৪৮ (আটচল্লিশ) বছর।
০৩	ড্রাইভার (ফায়ার স্টেশন)	টাকা ১৮,০০০/- (আঠার হাজার টাকা) বেতন গ্রেড-১৪  (০২ বছর পর সন্তোষজনক চাকুরির ভিত্তিতে টাকা ২৩,০০০/- বেতন গ্রেড-১২)	০৩	ক) ন্যূনতম এস.এস.সি অথবা সমমান পাশ। খ) সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৫ বছরের অভিজ্ঞতা। গ) ভারী যানবাহন চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী। ঘ) বাংলাদেশ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, আর্মি অথবা সমজাতীয় প্রতিষ্ঠানসমূহে ড্রাইভার হিসেবে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। ঙ) উচ্চতাঃ ন্যূনতম ৫.৪ ফিট, বুকঃ ন্যূনতম ৩২ ইঞ্চি। চ) ক্রটিমুক্ত শারীরিক গঠন।	বয়সসীমা ০৬/০১/২০২২ তারিখে সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর।

### আর্থিক সুবিধাদিঃ


কোম্পানির প্রচলিত নীতিমালা অনুযায়ী বাড়ি ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, বিদ্যুৎ কেন্দ্র ভাতা, যাতায়াত ভাতাসহ অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

### শর্তাবলীঃ

- সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদনপত্র এবং পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্তের সাথে নিম্নোক্ত কাগজ পত্রাদি সত্যায়িত করে সংযুক্ত করতে হবেঃ  
(ক) শিক্ষাগত যোগ্যতার মূল সনদের সত্যায়িত অনুলিপি; (খ) প্রতিরক্ষা বাহিনীর চাকুরী থেকে অবসর গ্রহণ করার সাপেক্ষে প্রমাণপত্র (ক্রমিক নং ২ এর ক্ষেত্রে); (গ) অভিজ্ঞতার সনদ (অভিজ্ঞতার সনদ প্রদানকারী কর্মকর্তার নাম, ফোন নম্বর স্পষ্টভাবে উল্লেখ করতে হবে); (ঘ) ড্রাইভিং লাইসেন্সের কপি (ক্রমিক নং ৩ এর ক্ষেত্রে) (ঙ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি; (চ) জাতীয় পরিচয়পত্রের কপি; (ছ) স্থায়ী ঠিকানার বিপরীতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র; (জ) বাংলাদেশ-চায়না পাওয়ার কোম্পানি (প্রাঃ) লিমিটেড এর অনুকূলে ১০০০/- (এক হাজার) (ক্রমিক নং ০১ এর ক্ষেত্রে) এবং ৫০০/- (পাঁচশত) টাকা (ক্রমিক নং ০২ এবং ০৩ এর ক্ষেত্রে) মূল্যের (অফেরৎ যোগ্য) পে-অর্ডার।
- প্রার্থী আবেদনপত্রে যে সকল তথ্যাদি উল্লেখ করবেনঃ

(ক) নামঃ	(ঙ) ০৬/০১/২০২২ তারিখে বয়সঃ	(খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাঃ	(ড) জাতীয়তাঃ
(খ) পিতার নামঃ	(চ) শিক্ষাগত যোগ্যতাঃ	(ঞ) বর্তমান ঠিকানাঃ	(ঢ) জাতীয় পরিচয়পত্র নংঃ
(গ) মাতার নামঃ	(ছ) প্রতিরক্ষা বাহিনীর চাকুরী থেকে অবসর গ্রহণের সময় পদবীঃ (ক্রমিক নং ২ এর ক্ষেত্রে)	(ট) স্থায়ী ঠিকানাঃ	(ণ) বৈবাহিক অবস্থাঃ
(ঘ) জন্ম তারিখঃ	(জ) প্রতিরক্ষা বাহিনীর নামঃ (ক্রমিক নং ২ এর ক্ষেত্রে)	(ঠ) ধর্মঃ	(ত) মোবাইল নম্বরঃ

- উপরিউক্ত তথ্যাদি উল্লেখপূর্বক অনুচ্ছেদ ০৩ এ উল্লিখিত কাগজপত্রসহ আবেদন পত্র মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), কর্পোরেট অফিস, বিসিপিএল, Unique Trade Center (৫ম তলা), ০৮ পান্থপথ, কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর ২৭/০১/২০২২ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সরাসরি/ডাকযোগে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ক্রমিক নং ১ ও ৩ এর ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- আবেদনপত্রের খামের উপর পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে পায়রা তাপ বিদ্যুৎ কেন্দ্রে কাজ করতে হবে।
- কর্তৃপক্ষ উপরিউক্ত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং এ নিয়োগ স্থগিত/বাতিল/নিয়োগের বিষয়ে যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

  
(মোঃ মামুনুর রহমান মন্ডল) ০৬/০১/২০২২

মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)

বাংলাদেশ-চায়না পাওয়ার কোম্পানি (প্রাঃ) লিমিটেড

ক-১৫ (১০×৪)